

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ৬. ১৯. কোনো নবীর কথা সত্য না হলে তাকে হত্যা করতে হবে

বাইবেল বলছে, যদি কোনো নবী মাবুদের নামে মিথ্য বলেন তবে তাকে হত্যা করতে হবে। তিনি মিথ্যা বলেছেন, না সত্য বলেছেন তা জানা যাবে তার ভবিষ্যদ্বাণীর সফলতা থেকে। যদি কোনো নবীর ভবিষ্যদ্বাণী বাস্তবে না ঘটে তবে বুঝতে হবে যে, তিনি ঈশ্বরের নামে মিথ্যা বলেছেন। সেক্ষেত্রে নির্ভয়ে তাকে হত্যা করতে হবে: "কিন্তু আমি হুকুম দেই নি এমন কোন কথা যদি কোন নবী আমার নাম করে বলতে সাহস করে কিংবা সে যদি দেব-দেবীর নামে কথা বলে, তবে তাকে হত্যা করতে হবে। কোন একটা কথা সম্বন্ধে তোমরা মনে মনে বলতে পার, মাবুদ এই কথা বলেছেন কি না তা আমরা কি করে জানব? কোন নবী যদি মাবুদের নাম করে কোন কথা বলে আর তা যদি অসত্য হয় কিংবা না ঘটে, তবে বুঝতে হবে সেই কথা মাবুদ বলেন নি। তাকে তোমরা ভয় কোরো না।" (দ্বিতীয় বিবরণ ১৮/২০-২২, কি. মো.-০৬)

উল্লেখ্য যে, বাইবেলে ঈশ্বর বলেছেন যে, তিনি নিজেই অনেক সময় তাঁর নবীকে প্রতারণার মাধ্যমে ভুল কথা বলান এবং এরপর তাকে শাস্তি দেন ও হত্যা করেন। (যিহিস্কেল ১৪/৬-১১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14424

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন